# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬

১. মুকাদ্দিমাহ (المقدمة)

পরিচ্ছেদঃ ২. সুন্নাহকে আঁকড়ে ধরা এবং এ সংশ্লিষ্ট বর্ণনা ও আদেশ-নিষেধ

بَابُ الِاعْتِصَامِ بِالسُّنَّةِ وَمَا يَتَعَلَّقُ بِهَا نَقْلًا وأمراً وزجراً

আরবী

أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ عَلِيِّ بْنِ عَبْدِ الْعَزِيزِ الْعُمَرِيُّ بِالْمَوْصِلِ حَدَّثَنَا مُعَلَّى بْنُ مَهْدِيٍّ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ عَاصِمٍ عَنْ أَبِي وَائِلٍ عَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ:
خَطَّ لَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَطًّا فَقَالَ:
(هَذَا سَبِيلُ اللَّهِ) ثُمَّ خَطَّ خُطُوطًا عَنْ يَمِينِهِ وَعَنْ شِمَالِهِ ثُمَّ قَالَ:
وَهَذِهِ سُبُلٌ عَلَى كُلِّ سَبِيلٍ مِنْهَا شَيْطَانٌ يَدْعُو إِلَيْهِ ثُمَّ تَلَا: {وَأَنَّ هَذَا صِرَاطِي مُسْتَقِيمًا ... }) إلى أخر الآية [الأنعام: 153].
[تعليق الشيخ الألباني]
حسن صحيح ـ (الظلال) (16و17)
الحديث: 6 ¦ الجزء: 1 ¦ الصفحة: 146

বাংলা

قَالَ: أَبُو حَاتِمٍ فِي قَوْلِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فَعَلَيْكُمْ بِسُنَّتِي) عِنْدَ ذِكْرِهِ الِاخْتِلَافَ الَّذِي يَكُونُ فِي أُمَّتِهِ بَيَانٌ وَاضِحٌ أَنَّ مَنْ وَاظَبَ عَلَى السُّنَنِ قَالَ بِهَا وَلَمْ يُعَرِّجْ عَلَى غَيْرِهَا مِنَ الْآرَاءِ مِنَ الْفِرَقِ النَّاجِيَةِ فِي الْقِيَامَةِ جَعَلَنَا اللَّهُ مِنْهُمْ بِمَنِّهِ)

আবূ হাতিম (ইবনু হিব্বান) রাহি. রাসূলুল্লাহ বলেন: সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর এ বাণী: তোমরা আমার সুন্নাতকে আঁকড়ে থাকবে''- সম্পর্কে বলেন: তাঁর উম্মাতের মাঝে মতবিরোধ বর্ণনার সময়ে যার উল্লেখ তিনি করেছেন, তা সুস্পষ্ট বর্ণনা করে যে, যে ব্যক্তি সুন্নাহ'র উপর চলতে থাকবে, সুন্নাহ'র কথা বলতে থাকবে; আর এ ব্যতীত অন্য কোন রায় বা মতামতের অভিমুখী হবে না, সেই লোক কিয়ামত দিবসে ফিরকায়ে নাজিয়াহ' (মুক্তিপ্রাপ্ত দলসমূহ)-এর অন্তর্ভুক্ত হবে। আল্লাহ তা'য়ালা তাঁর নিজ অনুগ্রহে আমাদের তাঁদের অন্তর্ভুক্ত করুন।

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنْ لُزُومِ سُنَنِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَحِفْظِهِ نَفْسَهُ عَنْ كُلِّ مَنْ يَأْبَاهَا مِنْ أَهْلِ الْبِدَعِ وَإِنْ حَسَّنُوا ذَلِكَ فِي عَيْنِهِ وزينوه

সেই সকল হাদীসসমূহের বর্ণনা - যা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নাহকে আঁকড়ে থাকা এবং যারা সুন্নাহকে অস্বীকার করে, এমন সকল বিদ'আতী ব্যক্তিদের থেকে নিজেকে দূরে সরিয়ে রাখাকে ওয়াজিব বানিয়ে দেয়, যদিও তারা সেটি তাঁর নিকট সৌন্দর্যমণ্ডিত ও সুশোভিত করে উপস্থাপন করে:

---

৬. আব্দুল্লাহ ইবনু মাসউদ (রাঃ) বলেন, আমাদের জন্য রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একটি সরল রেখা টেনে বললেন: “এটা হল আল্লাহর রাস্তা। অতঃপর ডানে ও বামে আরও কতকগুলি রেখা টেনে বললেন: “এও কতকগুলি রাস্তা; তবে এর প্রত্যেক রাস্তার উপরই একটি করে শয়তান রয়েছে, তারা লোকদেরকে তার দিকে আহ্বান করছে। অতঃপর তিনি (প্রমাণ স্বরূপ) পাঠ করলেন: (“নিশ্চয়ই এটিই আমার সরল পথ, তোমরা এরই অনুসরণ কর ... (সুরা আনআম ৬: ১৫৩) আয়াতের শেষ পযর্ন্ত।[1]

## English

Ibn Masʿūd

The Messenger of Allah, peace be upon him, drew a line for us and said, "This is the path of Allah." Then he drew other lines to the right and left of it and said, "These are paths, and there is a devil calling to each of them." Then he recited, "{And indeed, this is My path, which is straight} until the end of the verse."

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: আলবানী: একে হাসান সহীহ
আরনাউত্ব: ‘হাসান’।
তাখরীজ: তায়ালিসী ২৪৪; আহমাদ, ১/৪৩৫, ৪৬৫; দারেমী ১/৬৭-৬৮; তাবারী, তাফসীর ১৪১৬৮; বাযযার, ২৪১০; হাকিম, আল মুস্তাদরাক, ২/৩১৮। ( হাকিম একে সহীহ বলেছেন এবং যাহাবী তা বজায় রেখেছেন।)

জাবির রা: হতেও বর্ণিত আছে আহমাদ ৩/৩৯৭; ইবনু মাজাহ ১১ তে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86904

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন